দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0 6 JAN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

162

৮

# রংপুরে ছাত্র মিছিলে ট্রাক ॥ সংঘর্ষের পর পরিবহন ধর্মঘট শুরু

রংপুর সংবাদদাতা জানান, শুক্রবার রাত্রে রংপুর মেডিক্যাল কলেজের ছাত্রদের একটি মিছিলে ট্রাকের ধাক্কায় একজন ছাত্র আহত এবং পরে ছাত্রদের দ্বারা শহরের জেলখানা সংলগ্ন এলাকায় মোট ৩টি ট্রাকে অগ্নিসংযোগের জের ধরিয়া গতকাল (শনিবার) সকাল হইতে রংপুরে পরিবহন ধর্মঘট শুরু হইয়াছে। ছাত্রলীগের প্রতিষ্ঠা-বার্ষিকী উপলক্ষে শুক্রবার রাত্রে

(১১শ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## রংপুরে ছাত্র মিছিলে

( ১ম পৃঃ পর )

মিছিল করার সময় পিছন হইতে একটি ট্রাকের (ঢাকা-ট-২৯০৯) ধাক্কায় মেডিক্যাল কলেজের ছাত্র রাখাল চন্দ্র আহত হন। উত্তেজিত ছাত্ররা ট্রাকটিকে অনুসরণ করিয়া জেলখানার দিকে যায়। চালকের হদিস না পাইয়া ছাত্ররা জেল অফিসের জানালা-দরোজা ভাংচুর করে এবং ট্রাকটিতে আগুন ধরাইয়া দেয়। তাহারা রাস্তায় আরও দুইটি ট্রাকে অগ্নিসংযোগ করে।

এই ঘটনার প্রতিবাদে পরিবহন শ্রমিকরা গতকাল সকাল হইতে জেলার সকল রুটে বাস-ট্রাক চলাচল বন্ধ করিয়া দেয়। দুপুরের দিকে পরিবহন শ্রমিকরা রংপুর মেডিক্যাল কলেজের দিকে অগ্রসর হইলে পুলিশ তাহাদের বাধা দেয়। এখানে শ্রমিকদের ইট-পাটকেলে একজন দারোগাসহ ২ জন পুলিশ আহত নয়। পুলিশের লাঠিচার্জে ১০জন শ্রমিক আহত হয়। বিকালে বাস টার্মিনালে শ্রমিকরা একটি বিআরটিসি বাস জ্বালাইয়া দেয়। পরে মিছিল করিয়া ডিসি অফিসে যায়। রাত্রে প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শ্রমিক নেতৃবৃন্দ ৩০ লক্ষ টাকা ক্ষতিপূরণ এবং একজন ম্যাজিস্ট্রেট ও একজন এসপির বদলিসহ ৩ দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত রংপুরে পরিপহন ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করেন।